

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তাড়াইল, কিশোরগঞ্জ
www.tarail.kishoreganj.gov.bd

তাড়াইল উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : নাজমুল হক আকন্দ
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ।
সময় : ২৭/০৭/২০২১ খ্রি., সকাল: ১২.৩০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, তাড়াইল

সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা 'ক' তে প্রদর্শিত হলো:

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ সভার পরিচালনার দায়িত্ব পালন করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত করা হয়। উপজেলা নির্বাহী অফিসার তাড়াইল উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ কমিটির সভায় জানান যে, বর্তমানে করোনা মহামারী সময়ে মানুষজন খুবই স্বাস্থ্য ঝুঁকিতে রয়েছে। সে ব্যাপারে উপজেলার সকল মৎস্য চাষী ও গবাদি পশু পালনকারী কৃষকগণ যেন দ্রুত সাহায্য সহযোগিতা পায় সে ব্যাপারে স্বাস্থ্যসেবায় নিয়োজিত সকলকে অনুরোধ জানানো হয় এবং সাধারণ জেলেদের প্রতি খেয়াল রাখার জন্যও সভায় বিস্তারিত আলোচনা করা হয়। পাশাপাশি সর্বস্তরের জনগণকে নিরাপদে সামাজিক দূরত্ব বজায় রেখে চলাফেরাসহ থাকার জন্যও অনুরোধ জানানো হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে এ সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(নাজমুল হক আকন্দ)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও

সভাপতি
উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ কমিটি
তাড়াইল, কিশোরগঞ্জ।

স্মারক নং-০৫.৪১.৪৮৯২.০০০.০০.০০.২০২১-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াইল, কিশোরগঞ্জ।
- ৩। অফিস কপি।

তারিখ: ২৭ জুলাই, ২০২১ খ্রি.

(লুবনা শারমীন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ কমিটি
তাড়াইল, কিশোরগঞ্জ।